যায়যায়দিন
তারিখ ....16. 6 ... 2009
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ৪

# খুলনা বিএল কলেজে ছাত্রলীগের হামলায় ছাত্রদল ক্যাম্পাসছাড়া

খুলনা অফিস

তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে সোমবার খুলনা সরকারি বিএল কলেজে ছাত্রলীগ কর্মীরা ছাত্রদল কর্মীদের পিটিয়ে ক্যাম্পাসছাড়া করেছে। হামলায় ছাত্রদলের ১২ নেতাকর্মী আহত হয়েছে। এতে ছাত্রলীগের দুই কর্মী আহত হয়েছে বলেও দাবি করা হয়েছে। ঘটনার পর ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়।

জানা গেছে, সোমবার দুপুর ১২টার দিকে বিএল কলেজ গেটে অবস্থিত নিউ বুক স্টল নামে একটি দোকান থেকে ফ্লেক্সি লোড নেয়াকে কেন্দ্র করে দোকানি ও ছাত্রলীগ নেতা আবদুল হান্নানের কথা কাটাকাটি হচ্ছিল। দোকানের পাশে দাঁড়ানো ছাত্রদল নেতা নাজিমউদ্দিন তখন দোকানির পক্ষ নিয়ে হান্নানের সঙ্গে তর্ক শুরু করে। এর জের ধরে সেখানে ছাত্রদলের নাজিম ও রানা এবং ছাত্রলীগের হান্নান ও শফিকের হাতাহাতি হয়। এ খবর ক্যাম্পাসে পৌঁছালে ছাত্রলীগ কর্মীরা সংগঠিত হয়ে ছাত্রদল কর্মীদের ওপর হামলা চালায়। পুলিশ সংঘর্ষ থামাতে বেপরোয়া লাঠিচার্জ শুরু করে।

ছাত্রদল বিএল কলেজ শাখার সাধারণ সম্পাদক কাজী রিয়াজ শাহেদ জানান, এ ঘটনায় ছাত্রদল কর্মী সাজু, নাজিম, সাইফুদ্দিন, রবিউল ইসলাম রিকি, এখলাসুর রহমান ও অজয় কুমার সিংহসহ ১২ জন আহত হয়। কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক দোলন মিস্ত্রি দাবি করেন, ছাত্রলীগের হান্নান ও শফিকুল ইসলাম এ ঘটনায় আহত হয়েছে। হামলা : পৃষ্ঠা ১৫ কলাম ৬

## হামলা : বিএল

*(শেষ পৃষ্ঠার পর)*

এক পর্যায়ে ছাত্রলীগের হামলা ও পুলিশের লাঠিচার্জের মুখে ছাত্রদল কর্মীরা ক্যাম্পাস ছাড়তে বাধ্য হয়।

এ ব্যাপারে দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মুন্সি মো. আসাদুল্লাহ বলেন, ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে উত্তেজনা দেখা দিয়েছিল। পরিস্থিতি শান্ত রাখতে তিন প্লাটুন পুলিশ মোতায়েন করা হয়েছে। তবে লাঠিচার্জ ও ছাত্রদের আহত হওয়ার কথা তিনি অস্বীকার করেন।

কলেজ অধ্যক্ষ প্রফেসর ড. আহমেদ রেজা বলেন, ক্যাম্পাসের বাইরের একটা ঘটনা নিয়ে দুটি সংগঠনের ভেতর উত্তেজনা সৃষ্টি হয়েছিল। উভয় দলের নেতাদের ডেকে বিষয়টি মীমাংসা করে দেয়া হয়েছে।